

১) নতুন ভোটার নিবন্ধন:

services.nidw.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে ফরম-০২ পূরণ করে অনলাইনে আবেদন করুন। আবেদনটি প্রিন্ট করে প্রয়োজনীয় স্বাক্ষর ও প্রযোজ্য কাগজপত্রসহ নিজ উপজেলার নির্বাচন অফিসে জমা দিন।

মোবাইল ম্যাসেজ বা ফোন কলের মাধ্যমে তথ্য পাওয়ার পর বায়োমেট্রিক প্রদান করে রসিদ সংগ্রহ করতে হবে।

২) ভোটার স্থানান্তর:

ফরম-১৩ পূরণ করে প্রযোজ্য কাগজপত্র ও স্বাক্ষরের সাথে নিজে উপজেলা নির্বাচন অফিসে গিয়ে আবেদন জমা দিন।

৩) জাতীয় পরিচয়পত্র সংশোধন:

পোর্টালে প্রবেশ করে সংশোধনের আবেদন ফর্ম পূরণ করুন এবং প্রযোজ্য দলিল সংযুক্ত করুন। আবেদন করার পর অন্তত এক সপ্তাহ অপেক্ষা করুন।

যদি এক সপ্তাহের মধ্যে কোনো ম্যাসেজ না আসে, তাহলে টোল-ফ্রি নম্বর ১০৫-এ ফোন করে আবেদনটির বর্তমান অবস্থা জানতে পারবেন।

৪) হারানো এনআইডি কার্ডের আবেদন:

services.nidw.gov.bd পোর্টালে গিয়ে হারানো জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করুন।